# RAMAKRISHNA VIVEKANANDA MISSION
# Model Answer For Annual Exam – 2020
# Subject – Geography + Science
# Class - II

**F.M. – 50+50=100**

## ভূগোল

**১। পুর্নবাক্যে উত্তর দাও :-** ১x ১০= ১০

i) তোমার পরিবারের কর্তা কে ?

উ : আমার পরিবারের কর্তা বাবা ।

ii) পাকা বাড়ী কোথায় বেশী দেখা যায় ?

উ : পাকা বাড়ী শহরে বেশী দেখা যায় ।

iii) আমরা কোন রাজ্যে বাস করি ?

উ : আমরা পশ্চিমবঙ্গ রাজ্যে বাস করি ।

iv) যারা সমাজের উপকার করে তাদের কি বলে ?

উ : যারা সমাজের উপকার করে তাদের সমাজবন্ধু বলে ।

v) শহরে মেট্রোরেল কোথায় চলাচল করে ?

উ : শহরে মাটির নীচে মেট্রোরেল চলাচল করে ।

vi) বসবাস করার জন্য আমাদের কি প্রয়োজন ?

উ : বসবাস করার জন্য আমাদের ঘর-বাড়ী প্রয়োজন ।

vii) আমাদের দেশের নাম কি ?

উ : আমাদের দেশের নাম ভারতবর্ষ ।

viii) যারা কাঁচা বাড়ি তৈরী করেন তাদের কি বলা হয় ?

উ : যারা কাঁচা বাড়ি তৈরী করেন তাদের ঘরামী বলা হয় ।

ix) কারখানায় কারা কাজ করে ?

উ : কারখানায় শ্রমিকরা কাজ করে ।

x) বাড়ি বাড়ি চিঠি বিলি করেন কে ?

উ : বাড়ি বাড়ি চিঠি বিলি করেন পিওন ভাই ।

**২। শুন্যস্থান পুরণ কর :-** ১x ১০= ১০

ক) গ্রামের বাড়িঘর বেশির ভাগ **কাঁচা** ।
খ) হাজার হাজার বছর আগে মানুষের **ঘরবাড়ী** ছিল না ।
গ) পায়খানা বাসঘর থেকে **দূরে** থাকা প্রয়োজন ।
ঘ) **গ্রামের** রাস্তাঘাট অধিকাংশ কাঁচা ।
ঙ) বিদ্যালয়ের শ্রেনীকক্ষে নানাবিধ **আসবাবপত্র** থাকে ।
চ) গ্রামে **ফাঁকা** জায়গা বেশী ।
ছ) **মানুষ** একা বাস করতে পারে না ।
জ) গ্রামের বেশির ভাগ লোক **চাষী** ।
ঝ) **কৃষককে** সমাজের শ্রেষ্ঠ বন্ধু বলা হয় ।
ঞ) **শহরের** রাস্তায় নানা প্রকার বিজলীবাতি জ্বলে ।

**৩। সঠিক উত্তরে ( ✓ ) চিহ্ন দাও :-** ১x৭=৭

ক) শিশুদের বড়দের কথা মেনে চলা (উচিত ✓ / উচিত নয়) ।
খ) আমার পরিচয় আমি (হিন্দু / ভারতবাসী ✓) ।
গ) বিদ্যালয় পরিস্কার-পরিচ্ছন্ন রাখা (দরকার ✓ / দরকার নয়) ।
ঘ) বিদ্যালয়ে ব্ল্যাকবোর্ডে লেখা হয় (চক ✓ / পেন) দিয়ে ।
ঙ) শিশুদের জ্ঞান অর্জনের জন্য বিদ্যালয় অবশ্যই (প্রয়োজন ✓ / প্রয়োজন নয়) ।
চ) গ্রামের পরিবেশ (চন্ঞ্চল / শান্ত ✓) ।
ছ) জেলে আমাদের (বস্ত্র / মাছ ✓) জোগায় ।

**৪। মিলিয়ে লেখ ।** ১x৭=৭

| | |
|---|---|
| ক) চন্ঞ্চল পরিবেশ | iv) শহর |
| খ) বেঁচে থাকতে গেলে চাই | vii) খাদ্য |
| গ) সজীব বস্তু | i) গাছপালা |
| ঘ) শহরের লোকসংখ্যা | ii) বেশী |
| ঙ) শিক্ষাদান করে থাকেন | vi) শিক্ষক |
| চ) মাটির হাঁড়ি, কলসী তৈরী করে | iii) কুমোর |
| ছ) গ্রামে বিশুদ্ধ জল পাওয়া যায় | v) নলকূপে |

**৫। পার্থক্য লেখ :-** ৩x২=৬

ক)

| গ্রাম | শহর |
|---|---|
| ১। গ্রামের পরিবেশ শান্ত । | ১। শহরের পরিবেশ চন্চঞ্চল । |
| ২। গ্রামে ফাঁকা জায়গা বেশী । | ২। শহরে ফাঁকা জায়গা কম । |
| ৩। গ্রামে বেশিরভাগ রাস্তাঘাট কাঁচা । | ৩। শহরে বেশিরভাগ রাস্তা পাকা । |
| ৪। গ্রামে শহরের তুলনায় কম লোক বাস করে । | ৪। শহরে গ্রামের তুলনায় বেশী বেশী লোক বাস করে । |
| ৫। গ্রামে স্কুল, কলেজ, হাসপাতাল বেশী দেখা যায় না । | ৫। শহরে স্কুল, কলেজ, হাসপাতাল বেশী দেখা যায় । |

খ)

| পাকাবাড়ী | কাঁচাবাড়ী |
|---|---|
| ১। পাকাবাড়ী সাধারণত শহরে দেখ যায় । | ১। কাঁচাবাড়ী সাধারণত গ্রামে দেখা যায় । |
| ২। পাকাবাড়ী যারা তৈরী করেণ তাদের বলে রাজমিস্ত্রী । | ২। কাঁচাবাড়ী যারা তৈরী করে তাদের ঘরামী বলে । |
| ৩। পাকাবাড়ী ইট, বালি, পাথর, লোহা, সিমেন্ট ইত্যাদি দিয়ে তৈরী হয় । | ৩। কাঁচাবাড়ী বাঁশ, মাটি, টিন, খড় ইত্যাদি দিয়ে তৈরী হয় । |

**৬। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (যে কোন দুটি)** ৫X২=১০

**ক) বাড়িঘর তৈরীর আগে কোন কোন দিকে লক্ষ্য রাখা দরকার ? বাড়ি সাধারণতঃ কয় প্রকার ও কি কি ?**

৩+২=৫

উ : বাড়ীঘর তৈরীর আগে ভাবতে হবে যাতে বাড়িতে যথেষ্ট আলো বাতাস প্রবেশ করতে পারে । বাড়ির সামনে উঠান এবং বাগান থাকা প্রয়োজন ।

বাড়ি সাধারণতঃ দুই প্রকার । (১) পাকাবাড়ি (২) কাঁচাবাড়ি ।

**খ) কর্তা পরিবারের জন্য কি কি কাজ করেন ?** ৫

উ : কর্তা পরিবার পরিচালনা করেন । তার পরিচালনার উপর পরিবারের ভাল মন্দ নির্ভর করে । তিনি সকলের খোঁজ খবর নেন এবং কাহারও দোষ দেখলে সংশোধন করে দেন । ছোট বড় সকলকে একভাবে দেখা ও ভালবাসা পরিবারের কর্তার কর্তব্য ।

**গ) একটি আদর্শ বাড়ি তৈরী করতে হলে কি কি ঘর থাকা প্রয়োজন ?** ৫

উ : একটি আদর্শ বাড়ি তৈরী করতে হলে বিশেষ করে সেখানে - শোবার ঘর, রান্নাঘর, পড়াশোনার ঘর, বসবার ঘর, ঠাকুর ঘর, গোয়াল ঘর, ঘরের একটু দূরে পায়খানা বা বাথরুম থাকা প্রয়োজন ।

## বিজ্ঞান

**১। পুর্ন বাক্যে উত্তর দাও :-** ১x ১০= ১০

ক) পৃথিবীর উপগ্রহের নাম কি ?

উ : পৃথিবীর উপগ্রহের নাম চাঁদ ।

খ) মাছ কিসের সাহায্যে শ্বাস-প্রশ্বাস নেয় ?

উ : মাছ কানকোর সাহায্যে শ্বাস-প্রশ্বাস নেয় ।

গ) আমাদের জাতীয় পাখি কোনটি ?

উ : আমাদের জাতীয় পাখি ময়ূর ।

ঘ) পাতার সবুজ রঙের চ্যাপটা অংশকে কি বলে ?

উ : পাতার সবুজ রঙের চ্যাপটা অংশকে ফলক বলে ।

ঙ) যারা মাটি ভেদ করে উপরে ওঠে তাদের কি বলে ?

উ : যারা মাটি ভেদ করে উপরে ওঠে তাদের উদ্ভিদ বলে ।

চ) জলের অপর নাম কি ?

উ : জলের অপর নাম জীবন ।

ছ) আমরা পিপাসায় কি পান করি ?

উ : আমরা পিপাসায় জল পান করি ।

জ) আমরা কোথায় বাস করে থাকি ?

উ : আমরা পৃথিবীতে বাস করে থাকি ।

ঝ) সূর্য থেকে আমরা কি পাই ?

উ : সূর্য থেকে আমরা আলো ও তাপ পাই ।

ঞ) সূর্যের চারপাশে পৃথিবীর একবার ঘুরে আসতে কত সময় লাগে ?

উ : সূর্যের চারপাশে পৃথিবীর একবার ঘুরে আসতে সময় লাগে ৩৬৫ দিন ।

**২। শুন্যস্থান পুরণ কর :-** ১x ১০= ১০

ক) সূর্য **পশ্চিমদিকে** অস্ত যায় ।

খ) চাঁদ **পৃথিবীর** চারপাশে ঘুরছে ।

গ) পৃথিবী সৌরজগতের একটি <u>গ্রহ</u> ।

ঘ) মাটি না থাকলে পৃথিবীতে গাছপালা <u>**বাঁচতে**</u> পারত না ।

ঙ) ফলের কাজ হল <u>**বংশবিস্তার**</u> করা ।

চ) ফুল আমাদের কাছে অতি **প্রিয়** জিনিস ।

ছ) পাতা হল গাছের <u>**রান্নাঘর**</u> ।

জ) মাছের বাচ্চা <u>**ডিম**</u> থেকে হয় ।

ঝ) ব্যাঙ <u>**উভচর**</u> প্রানী ।

ঞ) সাধারণত প্রানীদের <u>**চার**</u> ভাগে ভাগ করা হয়েছে ।

**<u>৩। বন্ধনীর মধ্য থেকে সঠিক উত্তর বেছে (✓) চিহ্ন বসাও :-</u>** ১x৭=৭

ক) চাষের পক্ষে সবচেয়ে ভালো (বেলে / দোঁয়াশ✓) মাটি ।

খ) বাদাম একটি (নীরস✓ / সরস) ফল ।

গ) গাছকে মাটির উপর সোজা রাখে (কান্ড✓ / মূল) ।

ঘ) ঝাড়ুদার পাখি হল (শালিক / কাক✓) ।

ঙ) স্ত্রী প্রজাপতি (সজনে✓ / বট) গাছের পাতায় ডিম পাড়ে ।

চ) পাতার নীচের অংশকে (ফলক / বোঁটা✓) বলে ।

ছ) গাছের প্রাণ (আছে✓ / নেই) ।

**<u>৪। মিলিয়ে লেখ :-</u>** ১x৭=৭

| | |
|---|---|
| ক) নরম তুলতুলে দেহ | iv) শামুক |
| খ) উভচর পাখি হল | vii) হাঁস |
| গ) বন্য পশু হল | i) শেয়াল |
| ঘ) একপ্রকার জলের পোঁকা | vi) চিংড়ি |
| ঙ) শুয়োপোকা থেকে জন্ম হয় | ii) প্রজাপতি |
| চ) গানওয়ালা পাখি | iii) বুলবুলি |
| ছ) শিকারী পাখি | v) বাজপাখি |

**<u>৫। একটি শব্দে উত্তর দাও :-</u>** ১x৬=৬

ক) ব্যাঙের কোন পা বড় হয় ?

উ : পিছনের

খ) চাঁদের গায়ে কার আলো পড়ায় চকচক করে ?

উ : সূর্যের

গ) কোন মাটিতে বালির ভাগ বেশী ?

উ : বেলেমাটিতে

ঘ) কি থেকে বৃষ্টি হয় ?

উ : মেঘ

ঙ) কোন পাতা করাতের মতো ?

উ : আনারসের

চ) গাছ কিসের সাহায্যে মাটি থেকে রস শুষে নেয় ?

উ : শিকড়ের

<u>৬। যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও :-</u> ৫X২=১০

**ক) শব্দদূষন কমাতে আমরা কী কী ব্যবস্থা গ্রহন করতে পারি ?** ৫

উ : i) বাড়িতে কম জোরে রেডিও, টিভি ইত্যাদি শোনার অভ্যাস করা ।

ii) অযথা হর্ন না বাজিয়ে গাড়ি চালানোর অভ্যাস করা ।

iii) পূজো-অনুষ্ঠানে উচ্চ শব্দ করে মাইক না বাজানো ।

iv) নিয়মিত গাছ বসানো বা গাছ লাগানো ।

**খ) মাটি আমাদের কি উপকার করে ?** ৫

উ : মাটি না থাকলে পৃথিবীতে গাছপালা জন্মাতে পারত না । মাটি বৃষ্টির জল শুষে নিয়ে গাছপালাকে বাঁচতে সাহায্য করে । গাছপালা না বাঁচলে মানুষ পশু-পাখি বাঁচত না; কারণ গাছের পাতা, ফল,মূল, বীজ ইত্যাদি খেয়েই বেশীরভাগ জীব বেঁচে থাকে । মাটি জড় পদার্থ কিন্তু মাটিতে গাছপালা বা উদ্ভিদ জন্মায় ও বেঁচে থাকে । উদ্ভিদ বাঁচিয়ে রাখে জীবজগৎকে । সুতরাং মাটি জীবজগৎকে অনেক উপকার করে আসছে ।

**গ) পৃথিবী কি ? পৃথিবী সৃষ্টি হয়েছে কিভাবে ?** ১+৪=৫

উ : পৃথিবী সৌরজগতের একটি গ্রহ ।

জলন্ত সূর্যের বুক থেকে ছিটকে বেরিয়ে আসা বেশ খানিকটা উত্তপ্ত গ্যাসীয় পিন্ড ঠান্ডা হয়ে বর্তমান পৃথিবীর আকার ধারণ করেছে । পৃথিবীর বয়স প্রায় ৫০০ কোটি বছর । পৃথিবীতে জল, মাটি, বায়ু থাকায় প্রানীর জন্ম হয়েছে । পৃথিবীর আকার পুরোপুরি গোল না হলেও খানিকটা নাশপাতি ফলের মতো ।